# প্রবাসী কল্যাণ ব্যাংক

## প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

### প্রশাসন ও মানব সম্পদ বিভাগ

প্রশাসন পরিপত্র -০৫/২০১৪ তারিখঃ ১৪/০৯/২০১৪

প্রধান কার্যালয় এবং
সকল শাখা ব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক।

বিষয়ঃ **ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের সাধারণ বোনাস (উৎসব বোনাস) প্রসংগে।**

প্রিয় মহোদয়,

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগের ১০-০৭-৮৮ইং মোতাবেক ২৫-০৩-১৩৯৫ বাংলা তারিখের অম/অবি/ব্যাংকিং-১(১৪)৪/৮৭/৩০০(১৫) নং অফিস স্মারকের মাধ্যমে জারীকৃত নির্দেশনানুসারে অত্র ব্যাংকের সকল নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীকে ২(দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সাধারণ বোনাস হিসাবে প্রদান করা যাইবে।

২। উক্ত বোনাস প্রদানের বিষয়ে অনুসৃতব্য নীতিমালা নিম্নে প্রদত্ত হইল ঃ

(ক) ব্যাংকের মুসলমান কর্মকর্তা ও কর্মচারীগণ দুইটি ঈদের প্রাক্কালে উক্ত বোনাসের অর্থ দুইটি সমান কিস্তিতে এবং অন্যান্য ধর্মাবলম্বী কর্মকর্তা ও কর্মচারীগণ তাহাদের নিজ নিজ ধর্মীয় প্রধান উৎসবের প্রাক্কালে এই বোনাসের অর্থ প্রাপ্য হইবেন।

(খ) বিভিন্ন ধর্মাবলম্বী কর্মকর্তা/কর্মচারীগণের সাধারণ বোনাস নিম্নোক্ত তারিখ অনুসারে বিতরণ করা হইবেঃ

| ক্রমিক নং | ধর্মের | মূল উৎসব | উৎসব অনুষ্ঠানের তারিখ | বোনাস বিতরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ইসলাম ধর্ম | ঈদ-উল-ফিতর | ১লা সাওয়াল | ১০ই রমজান |
| ২। | ইসলাম ধর্ম | ঈদ-উল-আযহা | ১০ই জিলহজ্ব | ২০শে জিলকদ |
| ৩। | হিন্দু ধর্ম | দূর্গা পূজা | ----- | পূজার ২০ দিন পূর্বে |
| ৪। | খৃষ্ট ধর্ম | বড় দিন | ২৫শে ডিসেম্বর | ৫ই ডিসেম্বর |
| ৫। | বৌদ্ধ ধর্ম | বৌদ্ধ পূর্ণিমা | --- | উৎসবের ২০ দিন পূর্বে |
| ৬। | অন্যান্য সম্প্রদায় | ---- | --- | উৎসবের ২০ দিন পূর্বে |

(গ) বোনাস বিতরণের জন্য উপরে নির্ধারিত দিন যদি সাপ্তাহিক ছুটি বা অন্য কোন সরকারী ছুটির দিন থাকে তবে নির্ধারিত তারিখের অব্যবহিত পরবর্তী কার্যদিবসে বোনাস প্রদান করা যাইবে।

(ঘ) উৎসব যেই মাসে অনুষ্ঠিত হইবে সেই মাসের পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ বোনাস হিসেবে প্রাপ্য হইবেন। ।

ক্রমশঃ পৃষ্ঠা নং-২

(ঙ) কোন অমুসলিম কর্মকর্তা/কর্মচারী দুই ঈদের সময় বোনাস গ্রহণ করিতে চাহিলে সেই মর্মে স্ব স্ব ডিসবারসিং কর্মকর্তাকে লিখিতভাবে জানাইবেন। কোন অমুসলিম কর্মকর্তা/কর্মচারীকে দুই ঈদের সময় বোনাস গ্রহণের অনুমতি প্রদান করা হইলে তাহাকে পুনরায় তাহার নিজ ধর্মীয় উৎসবের সময় বোনাস গ্রহণের সুযোগ দেওয়া যাইবে না।

(চ) অমুসলিম কর্মকর্তা/কর্মচারীদের এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলীর সময় সাধারণ বোনাস প্রদান সংক্রান্ত বিষয়ে তাহার এল.পি.সি-তে উল্লেখ করিতে হইবে।

(ছ) চাকুরীর মেয়াদ নির্বিশেষে সাধারণ বোনাস প্রদানের তারিখে ব্যাংকে কর্মরত সকল নিয়মিত কর্মকর্তা ও কর্মচারী (দৈনিক ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত) উক্ত বোনাস প্রাপ্যতার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(জ) ঠিকা কাজ বা খন্ডকালীন (পার্ট টাইম) ভিত্তিতে নিয়োজিত কোন ব্যক্তি বোনাস পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(ঝ) যে সকল কর্মকর্তা/কর্মচারী চাকুরীচ্যুত (ডিসমিসড) বা চাকুরী হইতে অপসারিত (টারমিনেটেড) হইয়াছেন বা সাময়িকভাবে চাকুরী হইতে বরখাস্ত (সাসপেন্ডেড) হইয়াছেন তাহাদিগকে বোনাস প্রদান করা যাইবে না। তবে সাময়িকভাবে বরখাস্তকৃত কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরীতে পূণর্বহালের পর বোনাস পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(ঞ) চাকুরী হইতে সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মকর্তা/কর্মচারী চাকুরীতে পূণর্বহাল হইলে এবং তাহার পূণর্বহাল/শাস্তি প্রদানের আদেশে "সাময়িক বরখাস্ত থাকাকালে বেতন ভাতা যাহা পাইয়াছেন তাহার অতিরিক্ত আর কিছু পাইবেন না" এইরূপ নির্দেশ থাকিলেও সাময়িক বরখাস্তকালীন সময়ে বেতনের যে অংশ খোরাকী ভাতা (সাবসিস্টেমস গ্রান্ট) হিসাবে পাইতেন তাহার ভিত্তিতে তাহাকে বোনাস প্রদান করা যাইবে।

(ট) ব্যাংকে সার্বক্ষণিকভাবে নিয়োজিত ব্যবস্থাপনা পরিচালক এবং সরকার কর্তৃক সরাসরি নিয়োজিত অন্যান্য কর্মকর্তা যাহারা ব্যাংকের নিজস্ব চাকুরী বিধির আওতায় পড়েন না তাহারাও এই বোনাস পাইবেন।

(ঠ) অত্র ব্যাংকের যে সকল কর্মকর্তা/কর্মচারী অন্য সংস্থায় প্রেষণে নিয়োজিত রহিয়াছেন তাহারাও বোনাস পাইবেন। তবে এই খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যে সংস্থায় প্রেষণে নিয়োজিত রহিয়াছেন সেই সংস্থাকে বহন করিতে হইবে।

(ড) মুসলমান ব্যতীত অন্য ধর্মাবলম্বী কোন কর্মকর্তা/কর্মচারী বাণিজ্যিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকুরীরত অবস্থায় অত্র ব্যাংকে নিয়োগপ্রাপ্ত হইয়া বর্তমানে এই ব্যাংকে কর্মরত থাকিলে তাহার ক্ষেত্রে পূর্ববর্তী প্রতিষ্ঠান হইতে সাধারণ বোনাস (উৎসব বোনাস) গ্রহণ করেন নাই মর্মে নিশ্চিত হওয়ার পর তাহাকে বোনাস প্রদান করা যাইবে।

(ঢ) ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী যদি অধ্যয়ন/অসুস্থতা/অবসর প্রস্তুতিমূলক বা অন্য কোন কারণে বোনাস প্রদানের তারিখে বা উহার পূর্ব হইতে পূর্ণ বেতনে বা অর্ধবেতনে ছুটিতে থাকেন তবে তিনি ছুটিতে গমন করিবার অব্যবহিত পূর্বে আহরিত মূল বেতনের উপর ভিত্তি করিয়া সাধারণ বোনাস প্রাপ্য হইবেন।

(ণ) ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী যদি কোন কারণে সাধারণ বোনাস প্রদানের তারিখে বিনা বেতনে অসাধারণ ছুটিতে থাকেন তবে তাহাকে উক্ত সাধারণ বোনাস প্রদান করা যাইবে না।

(ত) চাকুরী হইতে অবসর গ্রহণের পর কেহ বোনাস প্রাপ্তির অধিকারী হইবেন না।

ক্রমশঃ পৃষ্ঠা-৩



৩। ব্যাংকের প্রধান হিসাব খাতের (Main Account Head, Expenses Accounts) এর আওতাধীন উৎসব বোনাস হিসাব (400021001 Festival Bonus) বিকলন (ডেবিট) করিয়া সাধারণ বোনাস প্রদান করা হইবে এবং কোন অবস্থাতেই এই অংক প্রধান কার্যালয়ের হিসাবে বিকলন (ডেবিট) করা যাইবে না।

৪। সাধারণ বোনাস প্রদানের জন্য পূর্বের ন্যায় প্রতি ঈদের প্রাক্কালে পৃথক পৃথক কোন পরিপত্র জারী করা হইবেনা এবং এই বোনাস প্রদানের জন্য আলাদা ক্ষমতা প্রদানের প্রয়োজন হইবে না। ব্যাংকের শাখা ও অফিসসমূহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন স্লিপের উপর ভিত্তি করিয়া বোনাস প্রদান করিবে।

৫। সাধারণ বোনাস প্রদান বিষয়ে পরবর্তীতে কোন নির্দেশ না দেওয়া পর্যন্ত এই পরিপত্রের নির্দেশ অনুযায়ী ভবিষ্যতে সাধারণ বোনাস (উৎসব বোনাস) প্রদান করা যাইবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি)
উপব্যবস্থাপনা পরিচালক

প্রশাসন পরিপত্র নং-০৫/২০১৪

তারিখঃ ১৪/০৯/২০১৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাকের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। সকল বিভাগীয় প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। অফিস কপি।

১৪/৯/১৪

(মোঃ মামুনুর রশিদ)
মহাব্যবস্থাপক